## শাহজাদপুর উপজেলা পরিষদের জানুয়ারি ২০১৭ মাসের ৩৪তম সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ মোঃ আজাদ রহমান
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
শাহজাদপুর,সিরাজগঞ্জ

স্থান ঃ উপজেলা পরিষদের শহিদ স্মৃতি সম্মেলন কক্ষ

তারিখ ঃ ১৮/০১/২০১৭ খ্রিঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর গত সভার ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখে ৩৩তম অনুষ্ঠিত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয়। কোন প্রকার সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি সভার আলোচ্যসূচীসমূহ উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচী মোতাবেক সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য আহবান জানালে নিম্নবর্ণিতভাবে তথ্য উপস্থাপিত হয় এবং তা বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২০১৬-২০১৭ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্পসমূহ অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা প্রকল্প বাছাই কমিটির ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখের সভায় ৩৩টি প্রকল্প যাচাই বাছাই অন্তে সুপারিশ সহকারে পাওয়া গেছে। প্রকল্পসমূহ আলোচনা ও পর্যালোচনা পূর্বক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় ( পরিশিষ্ট “খ” )। | প্রকল্পসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । আলোচনান্তে ৩২ নং প্রকল্প পরিবর্তন করে কৈজুরী ইউনিয়নে পূর্ব চর কৈজুরী হাজী বাবর আলীর বাড়ী হতে মোশারফিয়া কওমী মাদরাসা পর্যন্ত রাস্ত এইচবিবি করণ প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পগুলো জনস্বার্থে অতীব গুরুত্বপূর্ণ বিধায় বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রকল্প তালিকার মধ্যে ৬,৭,৮,৯, ১০, ১১,১২,১৩,১৪,১৫, ১৬, ১৭,১৮,২২, ২৫,২৬,২৭ ও ৩৪ প্রকল্পগুলো পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । অত্র সভায় মোট ৩৩টি প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। বর্ণিত ১৮টি প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি আগামী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। উপজেলা প্রকৌশলীকে প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য আগামী সভায় উপস্থাপন করতে অনুরোধ করা হয় । | উপজেলা প্রকৌশলী |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | স্থায়ী কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভাপতি সভায় জানান, ১৭টি স্থায়ী কমিটির কোন সুপারিশ না পাওয়া যাওয়ায় এ বিষয়ে সভায় কোন আলোচনা করা যায় নি। | বিস্তারিত আলোচনান্তে, ১৭টি স্থায়ী কমিটির সভাপতিগণকে নিয়মিত সভা করে পরিষদের সভায় সুপারিশ পেশ করার জন্য অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩ | আইন,বিধি,সার্কুলার, প্রজ্ঞাপন অবহিতকরণ | সভাপতি সভায় জানান, চলতি মাসে কোন আইন, বিধি, সার্কুলার, প্রজ্ঞাপন সংক্রান্ত কোন পরিপত্র অত্র সভায় উপস্থাপন না হওয়ায় আলোচনা করা গেল না । | আইন,বিধি,সার্কুলার, প্রজ্ঞাপন সংক্রান্ত কোন পরিপত্র পাওয়া গেলে সভায় উপস্থাপন করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| ৪ | উপজেলা পরিষদের রাজস্ব ও উন্নয়ন তহবিলের আয়-ব্যয়ের হিসাব বিবরণী | সভাপতি সভায় জানান যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের ১৭ জানুয়ারি ২০১৭ তারিখ পর্যন্ত উপজেলা রাজস্ব তহবিলের স্থিতি ৪৩,৪৯,৫৪৬.০৫ টাকা ও উন্নয়ন তহবিলের স্থিতি ৩০,২৯,৮২০/- টাকা । | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা রাজস্ব ও উন্নয়ন তহবিলের টাকা উপজেলা পরিষদ ম্যানুয়েলের দিক নির্দেশনা মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । | উপজেলা নির্বাহী অফিসার |
| ৫ | উপজেলা নির্বাহী অফিসার,শাহজাদপুরের বাসভন মেরামতের বিল পরিশোধ সংক্রান্ত | উপজেলা প্রকৌশলী সভায় জানান- উপজেলা নির্বাহী অফিসারের বাসভনের মেরামত ও রংকরণ কাজ শেষ হয়েছে। ঠিকাদার ১.০০ (লক্ষ) টাকার বিল দাখিল করেছেন। বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয় । | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের বিল থেকে বিধি মোতাবেক ভ্যাট কর্তন পূর্বক উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার |
| ৬ | উপজেলা পরিষদের ভূমির বাংলা ১৪২৩ সনের ভূমি উন্নয়ন কর সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের ১২.৭২ একর ভূমির বাংলা ১৪২৩ সনের ভূমি উন্নয়ন কর বাবদ শাহজাদপুর পৌর ভূমি অফিস হতে ২১/১২/২০১৬ খ্রিঃ তারিখের ৪৬৪ নং স্মারকে ২৫৪৪০/- ( পঁচিশ হাজার চারশত চল্লিশ) টাকার বিল পাওয়া গেছে । ভূমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয় । | বিস্তারিত আলোচনা শেষে- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভূমি উন্নয়ন করের ২৫৪৪০/- (পঁচিশ হাজার চারশত চল্লিশ) টাকা পরিশোধ করার সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা নির্বাহী অফিসার |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত সংক্রান্ত | সভাপতি সভায় জানান তাঁর ব্যবহৃত জীপগাড়ী নং জীপগাড়ী নং-ঘ-১১-০০২৭ এর নিম্নবর্ণিত যন্ত্রাংশ সংযোজন করা প্রয়োজন বলে গাড়ীচালক আবেদন করেছেন। এ বিষয়ে আঞ্চলিক মটরযান পরিদর্শক গাড়ীটি পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। মটরযান পরিদর্শকের প্রতিবেদনের আলোকে নিম্নের যন্ত্রাংশের বাজারদর যাচাই অন্তে প্রাক্কলন প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা হয় । | বিস্তারিত আলোচনান্তে , জীপগাড়ী মেরামতের জন্য নিম্নরূপ যন্ত্রাংশের<br>১। টায়ার ২০৫-আর-১৬-৪পিচ<br>২। বল জয়েন্ট-৪পিচ<br>৩। টাইরড-এন-৪পিচ<br>৪। আইডল এ্যারাম-১পিচ<br>৫। ফিটম্যান-পিচ<br>৬। সিংকিট<br>৭। ট্যাপলাইজার বুশ-৮পিচ<br>বাজার দর যাচাই অন্তে প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে সভায় অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রকৌশলী |
| ৮ | উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটি ও দরপত্র মূল্যায়ণ কমিটির সদস্য মনোনয়নের বিষয়ে আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে চেয়ারম্যান উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত একজন গণ্যমান্য ব্যক্তি ও উপজেলার সকল হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবদের থেকে ২জন প্রতিনিধি উপজেলা পরিষদ কর্তৃক মনোনয়ন প্রয়োজন। তিনি সভায় আরও জানান-দরপত্র মূল্যায়ন কমিটিতে চেয়ারম্যান উপজেলা পরিষদ কর্তৃক পরিষদের একজন সদস্য মনোনয়ন প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয় । | বিস্তারিত আলোচনান্তে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে গণ্যমান্য ব্যক্তি হিসেবে জনাব নিয়ামুল ওয়াকিল খান আরঙ্গকে চেয়ারম্যান,উপজেলা পরিষদ মনোনয়ন প্রদান করেন। উপজেলার তালগাছি হাটের ও জামিরতা হাটের কমিটি থেকে নিম্নবর্ণিত ২জন সদস্যসচিবকে সদস্য হিসেবে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে উপজেলা পরিষদ মনোনয়ন প্রদান করেন।<br>(১) মোঃ ছানোয়ার হোসেন<br>পিতা-আজিজ মেম্বার<br>সাং মশিপুর,শাহজাদপুর<br>(২) মোঃ মানিক বেপারী<br>পিতা-মৃতমোকছেদ বেপারী<br>সাং জামিরতা,শাহজাদপুর<br>দরপত্র মূল্যায়ন কমিটিতে চেয়ারম্যান,রুপবাটী ইউনিয়ন পরিষদকে চেয়ারম্যান,উপজেলা পরিষদ মনোনয়ন প্রদান করেন। | উপজেলা নির্বাহী অফিসার |

চলমান পাতা-৪

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | উপজেলার ২টি নতুন হাট বাজারের সরকারি মূল্য নির্ধারণ সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, নিম্নবর্ণিত ২টি নতুন হাট বাজারের বাংলা ১৪২৪ সনের ইজারা প্রদানের লক্ষ্যে সরকারি মূল্য নির্ধারণ করা প্রয়োজন । এ বিষয়ে দরপত্র মূল্যায়ণ কমিটি করশালিকা হাটের সরকারি মূল্য ৫০০০ (পাঁচ হাজার) টাকা ও গাড়াদহ হাটের সরকারি মূল্য ১০০০(এক হাজার) টাকা নির্ধারণ করেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অনুমোদন পাওয়া গেছে। হাট ২টি ইজারা প্রদানের লক্ষ্যে বর্ণিত সরকারি মূল্য অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় । এ বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | বিস্তারিত আলোচনা শেষে নতুন হাট বাজার ২টির সরকারি মূল্য নিম্নরুপভাবে নির্ধারণের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় (১) করশালিকা হাটের সরকারি মূল্য ৫০০০(পাঁচ হাজার) টাকা এবং (২) গাড়াদহ হাটের সরকারি মূল্য ১০০০(এক হাজার)টাকা । | উপজেলা নির্বাহী অফিসার |
| ১০ | উপজেলা পরিষদের জন্য ১টি ডেস্কটপ কম্পিউটার ও ১টি লেজার প্রিন্টার ক্রয় সংক্রান্ত আলোচনা | সভাপতি সভায় জানান- উপজেলা পরিষদের জন্য ১টি ডেস্কটপ কম্পিউটার ও ১টি লেজার প্রিন্টার ক্রয় করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | বিস্তারিত আলোচনান্তে সংযুক্ত স্পেশিফিকেশন অনুযায়ী বিধি মোতাবেক ১টি ডেস্কটপ কম্পিউটার ও ১টি লেজার প্রিন্টার ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা নির্বাহী অফিসার |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৫/১/১৭

(মোঃ আজাদ রহমান)
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
শাহজাদপুর,সিরাজগঞ্জ

স্মারক নং-০৫.৫০.৮৮৬৭.০০০.০৮.০০৩.১৬.১০৪/১(১৫০)

তারিখ ২৫/০১/২০১৭ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য,৬৭-সিরাজগঞ্জ-৬
২। জেলা প্রশাসক,সিরাজগঞ্জ
৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,শাহজাদপুর,সিরাজগঞ্জ
৪। মেয়র,শাহজাদপুর পৌরসভা,শাহজাদপুর,সিরাজগঞ্জ
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,শাহজাদপুর,সিরাজগঞ্জ
৬। উপজেলা ................................অফিসার,শাহজাদপুর,সিরাজগঞ্জ
৭। চেয়ারম্যান,.........................ইউনিয়ন পরিষদ,শাহজাদপুর,সিরাজগঞ্জ
৮। মোছাঃ................................ সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,শাহজাদপুর,সিরাজগঞ্জ
৯। জনাব................................................................

(আলীমুন রাজীব)
উপজেলা নির্বাহী অফিসার
শাহজাদপুর,সিরাজগঞ্জ
২৫.০১.২০১৭

## বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০১৬-১৭ এর আওতায় গৃহীত প্রকল্পসমূহ

(পরিশিষ্ট খ')

| ক্র: নং | প্রকল্পের নাম | সম্ভাব্য প্রাক্কলিত মূল্য | অর্থের উৎস |
|---|---|---|---|
| ১ | বাঘাবাড়ী উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের জন্য টয়লেট নির্মাণ প্রকল্প | ০.৯ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ২ | চরনবী পুর নূরজাহান মযহার স্কুল এন্ড কলেজ এর ছাত্রীদের জন্য টয়লেট নির্মাণ প্রকল্প | ০.৯ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ৩ | ডায়া নিম্ন মাধ্যমিক আদর্শ বালিকা বিদ্যালয়ের ছাত্রীরে জন্য টয়লেট নির্মাণ প্রকল্প | ০.৯ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ৪ | জামিরতা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের জন্য টয়লেট নির্মাণ প্রকল্প | ০.৯ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ৫ | বিভিন্ন ইউনিয়নে স্যানেটারী ল্যাট্রিন স্থাপন প্রকল্প | ১০.০০ লক্ষ | এডিপি ৩য় কিস্তি |
| ৬ | কায়েমপুর ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ১ম কিস্তি |
| ৭ | গাড়াদহ ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ১ম কিস্তি |
| ৮ | পোতাজিয়া ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ১ম কিস্তি |
| ৯ | রুপবাটি ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ১ম কিস্তি |
| ১০ | গালা ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ১ম কিস্তি |
| ১১ | পোরজনা ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ১ম কিস্তি |
| ১২ | হাবিবুল্লাহনগর ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ১ম+ ২য় কিস্তি |
| ১৩ | বেলতৈল ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ১৪ | কৈজুরী ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ১৫ | নরিনা ইউনিয়নে বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ১৬ | উপজেলা বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ১৭ | উপজেলা বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ১৮ | উপজেলা বিভিন্ন স্থানে গোড়াপাকাসহ নলকুপ স্থাপন প্রকল্প ( তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ১৯ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাই বেঞ্চ ও লো বেঞ্চ সরবরাহ প্রকল্প (তালিকা সংযুক্ত) | ১০.০০ লক্ষ | এডিপি ২য়+ ৩য় কিস্তি |
| ২০ | বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণ হিসেবে স্কুল ব্যাগ, টিফিন বক্স, পানির পট, পেনসিল বক্স ও ছাতা সরবরাহ প্রকল্প (তালিকা সংযুক্ত) | ৩.৮ লক্ষ | এডিপি ৩য়+ ৪র্থ কিস্তি |
| ২১ | বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে দোলনা ও স্লিপার স্থাপন প্রকল্প (তালিকা সংযুক্ত) | ৩.০০ লক্ষ | এডিপি ৩য় কিস্তি |
| ২২ | গবাদি পশুর তড়কা (Anthrax) রোগ প্রতিরোধ প্রকল্প | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ২৩ | গবাদি পশুর জরুরী ঔষধ সরবরাহ প্রকল্প | ৪.০০ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া উপকরণ বিতরণ প্রকল্প (তালিকা সংযুক্ত) | ২.০০ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ২৫ | উপজেলা টি ২০ ক্রিকেট টুর্নামেন্টের জন্য ক্রিকেট সরমঞ্জামাদি ক্রয় প্রকল্প | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ২৬ | জালালপুর খেয়া ঘাটের পূর্ব পার্শ্বে কালভাট নির্মাণ প্রকল্প | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ২৭ | খুকনী বাজার হতে গোপালপুর কার্পেটিং রাস্তায় ভেঙ্গে যাওয়া স্থানে গাইড ওয়াল নির্মাণ প্রকল্প | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |
| ২৮ | শাহজাদপুর চৌহলী পাকা রাস্তা হতে বেড়াকুচটিয়া ঈদগাহ মাঠ ও কবরস্থান পর্যন্ত পাকা রাস্তা এইচ বিবি করন | ৪.০০ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ২৯ | হামলা খোলা মাদ্রাসা থেকে হামলা উত্তরপাড়া মসজিদ পর্যন্ত রাস্তা নির্মান | ২.০০ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ৩০ | পোরজনা-উল্টাডাব রাস্তার রানীখোলা নামক স্থানে বক্স কালভাটের সংলগ্ন প্রটেকশন ওয়াল নির্মাণ | ২.০০ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ৩১ | পোরজনা বাজার হইতে বাচরা পশ্চিম পাড়া পর্যন্ত রাস্তা এইচ বিবি করন। | ২৫.৭৪ লক্ষ | রাজস্ব উদ্বৃত্ত |
| ৩২ | কৈজুরী ইউনিয়নে পূর্ব চর কৈজুরী হাজী বাবর আলীর বাড়ী হইতে মোশারফিয়া কওমী মাদ্রাসা পর্যন্ত রাস্তা এইচ বিবি করন প্রকল্প | ২.৮৪ লক্ষ | এডিপি ৪র্থ কিস্তি |
| ৩৩ | গাড়াদহ ইউনিয়নের দূর্গাদহ হাইওয়ে কালিমন্দির হতে দূর্গাদহ দূর্গা মন্দির রাস্তা সিসি দ্বারা উন্নয়ন প্রকল্প | ৯.৮২ লক্ষ | এডিপি ১ম কিস্তি |
| ৩৪ | কৃষি জমিতে জৈব স্যারের ব্যবহার উৎসাহিত করণ শীর্ষক প্রদর্শনী খামার স্থাপন প্রকল্প। | ২.০০ লক্ষ | এডিপি ২য় কিস্তি |

| | | | | |
|---|---|---|---|---|
| | আনুষাঙ্গিক ও তদারকি ব্যয় (.৯৪ লক্ষ) বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (.৫% + .৫%) | প্রকল্প বাস্তবায়নে আনুষাঙ্গিক ব্যয় ও তদারকি ব্যয় | .৯৪ লক্ষ | .৯৪ লক্ষ |
| | আনুষাঙ্গিক ও তদারকি ব্যয় (.২৬ লক্ষ) রাজস্ব উদ্বৃত্তের (.৫% + .৫%) | প্রকল্প বাস্তবায়নে আনুষাঙ্গিক ব্যয় ও তদারকি ব্যয় | .২৬ লক্ষ | .২৬ লক্ষ |

১৮/০২/২০১৭

প্রফেসর মোঃ আজাদ রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ